

তারিখ: ১৪ জুন ২০২৩

বাংলাদেশ অর্থনীতি সমিতির আঞ্চলিক সেমিনারের  
লেখা বা প্রবন্ধ আহ্বানের নিমিত্তে বিজ্ঞপ্তি

প্রিয় মহোদয়,

সালাম ও শুভেচ্ছা নেবেন।

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৯ জুলাই ২০২৩ রোজ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সৈয়দ নজরুল ইসলাম সম্মেলন ভবন, ময়মনসিংহে বাংলাদেশ অর্থনীতি সমিতির আঞ্চলিক সেমিনার অনুষ্ঠিত হবে। সেমিনারের শিরোনাম নির্ধারণ করা হয়েছে “বৈশ্বিক প্রেক্ষাপট এবং বাংলাদেশের কৃষি অর্থনীতি (Global Context and the Agricultural Economy of Bangladesh)”। উক্ত সেমিনারে দুইটি টেকনিক্যাল সেশন থাকবে। টেকনিক্যাল সেশনে উপস্থাপনার জন্য শিরোনাম সংশ্লিষ্ট লেখা বা প্রবন্ধ (সর্বোচ্চ ৮০০০ শব্দের মধ্যে) আহ্বান করা যাচ্ছে। আগামী ১৫ জুলাই-এর মধ্যে নিম্নস্বাক্ষরকারীর ঠিকানায় লেখা বা প্রবন্ধ ডাকযোগে বা ইমেইলের ([saidur.rahman@bau.edu.bd](mailto:saidur.rahman@bau.edu.bd)) মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। লেখা বা প্রবন্ধ বাংলা অথবা ইংরেজি উভয় ভাষায় হতে পারে। উল্লেখ্য যে, প্রবন্ধকারের অনুমতি সাপেক্ষে এবং বাছাই করা প্রবন্ধ যথাযথ রিভিউ প্রক্রিয়ার মাধ্যমে Bangladesh Journal of Political Economy তে প্রকাশ করার ব্যবস্থা নেয়া হবে।

ধন্যবাদসহ



ড. মোঃ সাইদুর রহমান

সদস্য সচিব, আঞ্চলিক সেমিনার আয়োজক কমিটি

ও

প্রফেসর, কৃষি অর্থনীতি বিভাগ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

এবং

সহ-সভাপতি, বাংলাদেশ অর্থনীতি সমিতি

ইমেইল: [saidur.rahman@bau.edu.bd](mailto:saidur.rahman@bau.edu.bd)